



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২১৬২

তারিখঃ ১৬/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের” (সংশোধিত) মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে ও তড়িৎগতিতে বাস্তবায়নের স্বার্থে বিভিন্ন চিঠিপত্র সবসময় ডাকযোগে প্রেরণ না করে নিয়মিতই প্রকল্পের **Website** www.iresppw-brdb.gov.bd -এ প্রকাশ করা হয়। প্রকল্পের **Website** পরিদর্শন ও প্রকাশিত চিঠিপত্র ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্পের সদর দপ্তরের স্মারক নং- ১১৬২, তারিখঃ ২০/১০/২০১৩ খ্রিস্টাব্দ এবং স্মারক নং- ১৫৯২, তারিখঃ ৪/৬/২০১৪ খ্রিস্টাব্দ মূলে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণ নিয়মিত **Website Login** করে চিঠিপত্র ডাউনলোড না করায় মাঠ পর্যায়ের সাথে প্রকল্প সদর দপ্তরের যোগাযোগ ঘাটতিসহ নানারূপ জটিলতার সৃষ্টি হচ্ছে। তাই এখন থেকে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা নিয়মিত প্রকল্পের **Website** থেকে চিঠিপত্র ডাউনলোড করে প্রকল্পের নামে পৃথক পত্রপ্রাপ্তি রেজিষ্টারে লিপিবদ্ধ করতঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বরাবর উপস্থাপন করবেন। পরবর্তিতে উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তার নির্দেশনা মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্ষেত্রমতে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিজে প্রকল্পের **Website Login** করাসহ প্রয়োজনীয় চিঠিপত্র ডাউনলোড করবেন এবং এ সংক্রান্ত কাজে প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারীর অবহেলা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করবেন। যে সমস্ত উপজেলায় নিয়মিত প্রকল্পের **Website Login** করে জরুরী প্রয়োজনীয় চিঠি পত্র ডাউনলোড করা হবে না সে সকল উপজেলার প্রকল্প সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বদলীসহ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ কার হবে।


প্রকাশ মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

বিতরণঃ

১. উপ পরিচালক, বিআরডিবি, ----- জেলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা-----, জেলাঃ-----।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা-----, জেলাঃ-----।

অবগতির জন্য :

১. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি/ মাস্টার নথি।